

ঢাকা-ইথিওপিয়া ফ্লাইট শুরু ২ নভেম্বর

- A Monitor Desk Report

Date: 26 September, 2024



ঢাকাঃ ঢাকা থেকে ইথিওপিয়ার রাজধানী আদ্দিস আবাবায় ফ্লাইট শুরু করতে যাচ্ছে আফ্রিকার শীর্ষস্থানীয় উড়োজাহাজ সংস্থা ইথিওপিয়ান এয়ারলাইন্স। আগামী ২ নভেম্বর আনুষ্ঠানিকভাবে এই ফ্লাইটের উদ্বোধন এবং প্রাথমিকভাবে এই রুটে সপ্তাহে চলবে পাঁচটি ফ্লাইট।

বুধবার (২৫ সেপ্টেম্বর) সকালে ইথিওপিয়ান এয়ারলাইন্সের বাংলাদেশে জেনারেল সেলস এজেন্ট (জিএসএ) প্রতিষ্ঠান রিদম গুপের ব্যবস্থাপনা পরিচালক সোহাগ হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, বহু প্রতীক্ষার পর অবশেষে আগামী ২ নভেম্বর এই রুটে সরাসরি ফ্লাইট চালুর সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে। প্রাথমিকভাবে সপ্তাহে পাঁচটি ফ্লাইট পরিচালনা করা হবে। বোয়িং ৭৮৭ ড্রিমলাইনার উড়োজাহাজ দিয়ে ঢাকার ফ্লাইটগুলো পরিচালিত হবে। ইথিওপিয়ান এয়ারলাইন্স বর্তমানে ঢাকা থেকে অফলাইনে তিনটি সাপ্তাহিক নন-শিডিউল কার্গো ফ্লাইট পরিচালনা করছে। আগামীতে সরাসরি কার্গো ফ্লাইট পরিচালনার পরিকল্পনা রয়েছে তাদের।

এয়ারলাইন্সটির গ্রুপ সিইও মেসফিন তাসেউ বলেন, প্রবাসী বাংলাদেশিরা ঢাকা থেকে আদ্দিস আবাবা হয়ে ইউরোপ ও উত্তর আমেরিকার সব বড় শহরে যেতে পারবেন।

তিনি বলেন, ইথিওপিয়ান এয়ারলাইন্স বাংলাদেশ থেকে যাত্রী নিয়ে ইথিওপিয়া ট্রানজিট হয়ে আফ্রিকান রুট কায়রো (মিশর), হারারে ও বুলাওয়ে (জিম্বাবুয়ে), দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গ ও কেপটাউন, কেনিয়ার নাইরোবি, ইতালির মিলান ও রোম, যুক্তরাজ্যের লন্ডন ও ম্যানচেস্টার, সুইজারল্যান্ডের জুরিখ ও জেনেভা, সুইডেনের স্টকহোম, বেলজিয়ামের ব্রাসেলস, গ্রিসের অ্যাথেন্স, রাশিয়ার মস্কো, ফ্রান্সের প্যারিস ও জার্মানির ফ্র্যাংকফুর্টে নিয়ে যাবে।

এয়ারলাইন্সটি ২০২২ সালে বাংলাদেশে ফ্লাইট পরিচালনার অনুমতি চেয়েছিল। বেবিচক তাদের নিজ দেশের কূটনীতিকদের মাধ্যমে (ডিপ্লোম্যাটিক চ্যানেল) যোগাযোগ করে সুনির্দিষ্ট প্রক্রিয়ায় আবেদনের অনুরোধ করে। পরে নির্ধারিত প্রক্রিয়া মেনে তারা ফ্লাইট পরিচালনার

আবেদন করে। আবেদনে তারা জানায়, দক্ষিণ আফ্রিকাসহ আফ্রিকান দেশগুলোতে প্রচুর বাংলাদেশি রয়েছে। তারা সেসব বাংলাদেশি যাত্রীদের ইথিওপিয়ায় ট্রানজিট দিয়ে অল্প সময়ে আফ্রিকার বিভিন্ন দেশে পৌঁছে দিতে চায়।

এছাড়া কানাডার টরন্টো, যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি, নিউইয়র্ক ও শিকাগো, চীনের গুয়াঞ্জু, বাহরাইন, কুয়েত, দক্ষিণ কোরিয়ার সিউল, জাপানের টোকিও ও হংকংয়েও ফ্লাইট রয়েছে ইথিওপিয়ান এয়ারলাইন্সের।

-B